Faruque Hassan
President

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/২৮ তারিখঃ ০৩/০২/২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ সকল বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের মেয়াদ ০২ বছর হতে বৃদ্ধি করে ০৩ বছর করা প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং ১৩-আইন/২০২৪/কাস্টমস, তারিখ: ১৮/০১/২০২৪।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/১৪১, তারিখ: ০৬/০৬/২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

পোশাক শিল্পের রপ্তানি সক্ষমতা বজায় রাখা এবং ব্যবসা সহজীকরণ ও ব্যয় হ্রাসের লক্ষ্যে সকল বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের মেয়াদ ৩ বছর করা হয়েছে।

আপনারা জানেন, জাতীয় রাজস্ব বোর্ড হতে ২১/০৫/২০২৩ইং তারিখে জারীকৃত এস.আর.ও এর মাধ্যমে শুধুমাত্র রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে (ইপিজেড) অবস্থিত সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের মেয়াদ ০২ বছরের পরিবর্তে ০৩ বছর করা হয়েছে, যা আপনাদের সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে অবগত করা হয়েছে। আমরা সকল বন্ড লাইসেন্সের মেয়াদ ৩ বছর করার ক্ষেত্রে আমাদের প্রচেষ্টা অব্যাহত রেখেছি। বিজিএমইএ'র প্রচেষ্টার ফলসরূপ জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত 'ক' এস.আর.ও এর মাধ্যমে সকল বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের মেয়াদ ২ বছর হতে বৃদ্ধি করে ৩ বছর করেছে।

এখন হতে নতুন বন্ড লাইসেন্সের মেয়াদ ৩ বছর হবে এবং তা নবায়নও ৩ বছর মেয়াদী করা যাবে। এছাড়াও বিদ্যমান বন্ড লাইসেন্সের নবায়ন ৩ বছর মেয়াদী হবে। উল্লেখ্য, বিজিএমইএ'র সদস্যভুক্ত প্রতিষ্ঠান বার্ষিক ৫ (পাঁচ) হাজার টাকা হারে ৩ বছর মেয়াদের জন্য বন্ড লাইসেন্স নবায়ন করতে পারবেন।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত এস.আর.ও ও সার্কুলার এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জানুয়ারি ২২, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৮ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-১৩-আইন/২০২৪/০১/কাস্টমস।**—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section 219, Section 13 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি-৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি-৭ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৭। **লাইসেন্সের মেয়াদ।**—(১) সকল ক্ষেত্রে বন্ড লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(২) নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে, বিধি ৮ অনুযায়ী বন্ড লাইসেন্স নবায়ন করা যাইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট বা, ক্ষেত্রমত, বন্ড নিয়ন্ত্রণকারী কমিশনারেট কর্তৃক বিগত ৩ (তিন) বৎসরের মধ্যে ন্যূনতম ২ (দুই) বৎসরের নিরীক্ষা করিতে হইবে; এবং

(খ) বিগত ৩ (তিন) বৎসরের মধ্যে ন্যূনতম ১ (এক) বৎসরের আমদানি-রপ্তানি কার্যক্রম থাকিতে হইবে।";

(খ) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৮। **লাইসেন্স নবায়ন**।—(১) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০(ত্রিশ) দিন পূর্বে লাইসেন্স নবায়ন ফি বাবদ বার্ষিক ৫ (পাঁচ) হাজার টাকা হারে ৩ (তিন) বৎসরের নবায়ন ফি ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিয়া, বিধি-৭ এর উপ-বিধি ২ এ উল্লিখিত প্রয়োজনীয় দলিলাদি সংশ্লিষ্ট এসোসিয়েশনে জমা প্রদান করিলে, লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী মেয়াদের জন্য নবায়িত হইবে এবং সংশ্লিষ্ট এসোসিয়েশনে উক্ত নবায়ন সংক্রান্ত তথ্য নবায়নের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশনার (বন্ড) বা সংশ্লিষ্ট কমিশনার বরাবরে প্রেরণ করিবে।

(২) এসোসিয়েশন বিহীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্স নবায়ন ফি বাবদ বার্ষিক ১০ (দশ) হাজার টাকা হারে ৩ (তিন) বৎসরের নবায়ন ফি ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিলে বিধি-৭ এর উপ-বিধি ২ এর বিধান মোতাবেক, সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তা লাইসেন্স নবায়নের অনুমতি প্রদান করিবেন।"।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/১৫৭ তারিখঃ ০৬/০৬/২০২৩

## <u>সম্মানিত সকল সদস্যের জন্য</u>

**বিষয়ঃ বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং ১৫৮-আইন/২০২৩/কাস্টমস, তারিখ: ২৫/০৫/২০২৩।
(খ) বিজিএমইএ'র পত্র নং বিজিএ/কাস/২০২৩/২২৭০, তারিখ: ০৬/০৩/২০২৩।

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তৈরি পোশাক শিল্পের সক্ষমতা বজায় রাখা এবং ব্যবসা সহজীকরন ও ব্যয় হ্রাসের জন্য বন্ড লাইসেন্সের মেয়াদ ২ বছরের পরিবর্তে ০৩ বছর করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিকট বিজিএমইএ হতে সূত্রোক্ত 'খ' পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়।

**জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্রোক্ত 'ক' এস.আর.ও জারীর মাধ্যমে শুধুমাত্র রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে (ইপিজেড) অবস্থিত সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্ড লাইসেন্সের মেয়াদ ০২ বছরের পরিবর্তে ০৩ বছর করা হয়েছে।**

পরবর্তীতে সকল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত সুবিধা প্রদান করার জন্য বিজিএমইএ হতে প্রচেষ্টা অব্যাহত থাকবে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত 'ক' এস.আর.ও এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

০৬/৬/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

Shahinur-customs

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও নং ১৫৮-আইন/২০২৩/কাস্টমস।—Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 13 উদ্দেশ্যপূরণকল্পে এবং Section-219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি-৭ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৭। লাইসেন্সের মেয়াদ, ইত্যাদি।—(১) লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ২ (দুই) বৎসর।

(২) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) অবস্থিত সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(৩) লাইসেন্সিকে প্রতি বছর তদ্সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট সম্পন্ন করিতে হইবে।"

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০